দৈনিক ইত্তেফাক

তারিখ ... 23 SEP 1996 ...
পৃষ্ঠা 2 কলাম ... 6 ...

14

# 'পূর্বতন সরকার শিক্ষাক্ষেত্রে কোন নিয়ম-কানুন অনুসরণ করে নাই'

বাসস ।। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁহার সরকার শিক্ষা ক্ষেত্রে নির্দিষ্ট নীতিমালা এবং যথাযথ নিয়ম-কানুন মানিয়া চলিবে একথা উল্লেখ করিয়া বলেন, ইহার ফলে জাতীয় পর্যায়ের এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রে শৃঙ্খলা ফিরিয়া আসিবে।

গতকাল (রবিবার) বিসিএস

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পূর্বতন সরকার

(১ম পৃঃ পর)

সাধারণ শিক্ষা সমিতির ২৪ সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করিতে গেলে প্রধানমন্ত্রী তাহাদের বলেন, পূর্বতন সরকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরকারীকরণ, শিক্ষক নিয়োগসহ শিক্ষাঙ্গনের বিভিন্ন ক্ষেত্রে কোন নিয়মনীতি অনুসরণ করে নাই। প্রধানমন্ত্রী শিক্ষকদেরকে দেশের শিক্ষার মান বৃদ্ধির আহ্বান জানান।

সমিতির সভাপতি এবিএম জোনাব আলী এবং প্রতিনিধিদলের সদস্য ডঃ হামিদা বানু, প্রফেসর আবু ইউসুফ, প্রফেসর ফাহমিদা খাতুন, জাহানারা বেগম প্রফেসর মাহমুদা খাতুন এবং প্রফেসর কুদরত-ই-খুদা এই সময় বক্তব্য রাখেন। সমিতির নেতৃবৃন্দ বলেন, পূর্বতন সরকারকৃত স্বজনপ্রীতি, রাজনীতিকরণ, ব্যবস্থাপনায় ত্রুটি, শিক্ষা ক্ষেত্রে দারুণ বিশৃঙ্খল অবস্থা ও শিক্ষকদের মধ্যে বৈষম্য সৃষ্টি করিয়াছে। প্রধানমন্ত্রী ধৈর্যসহকারে শিক্ষকদের সমস্যাদি শোনেন এবং উহা নিয়মানুযায়ী সমাধানের আশ্বাস দেন।

প্রধানমন্ত্রীর সচিব ডঃ মহিউদ্দিন খান আলমগীর, প্রধানমন্ত্রীর প্রেস সেক্রেটারী জাওয়াদুল করীম এই সময় উপস্থিত ছিলেন।